অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/6/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো সেন্ট্রাল নিউ ইয়র্কে এম্পায়ার স্টেট ট্রেইল নির্মাণের গুরুত্বপূর্ণ মাইলফলক ঘোষণা করেছেন

অননডাগা কাউন্টিতে পথচারী সেতু এবং নতুন ট্রেইল সংযোগের সমাপ্তি স্টেটব্যাপী পাথওয়ে তৈরির জন্য দূরদৃষ্টিসম্পন্ন পরিকল্পনা সম্পন্নের কাছাকাছি নিয়ে এসেছে

প্রকল্পের সম্পূরক "CNY রাইজিং" - যা হলো কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়িয়ে তুলতে অঞ্চলটির সমন্বিত কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ এম্পায়ার স্টেট ট্রেইল (Empire State Trail) নির্মাণে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক ঘোষণা করেছেন, স্টেটের ঐতিহাসিক উদ্যোগ যা নিউ ইয়র্ক সিটি থেকে কানাডা এবং অ্যালবানি থেকে বাফেলো পর্যন্ত 750 মাইল পথ তৈরি করবে। প্রধান নির্মাণ ইন্টারস্টেট 481-এর উপর একটি নতুন পথচারী সেতুতে এবং সিটি অব সিরাকিউস ও অননডাগা কাউন্টির ডিউইট শহরের মূল অংশে সম্পন্ন করা হয়েছে, যা এম্পায়ার স্টেট ট্রেইলের অবশিষ্ট থাকা কিছু ব্যবধান সংযুক্ত করতে সাহায্য করছে এবং এটি 2020 সালে সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে।

"এই উল্লেখযোগ্য মাইলফলকের মাধ্যমে, আমরা আরো আউটডোর বিনোদনমূলক সুযোগ প্রদানের জন্য আরেকটি পদক্ষেপ নিচ্ছি যা নিউ ইয়র্কবাসীরা বাড়িতে থাকার পর ভাইরাসের দুশ্চিন্তা কাটিয়ে উঠতে উপভোগ করতে পারবে," **গভর্নর কুওমো বলেন।** "আউটডোর পর্যটন আপস্টেট অর্থনীতির চাবিকাঠি এবং এম্পায়ার স্টেট ট্রেইলে আমরা যে উন্নতি করছি তা বাসিন্দা এবং পর্যটকদের উপকৃত করবে এবং স্থানীয় ব্যবসায়ীদের একটি উৎসাহ প্রদান করবে।"

"সিরাকিউস এবং ডিউইট শহরে পথচারী সেতু ও ট্রেইল সংযোগের সমাপ্তি স্টেট জুড়ে এম্পায়ার স্টেট ট্রেইল সম্পন্ন করতে আমাদের প্রচেষ্টার উপর গড়ে উঠেছে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যখন অনেক মানুষ COVID-19 সংকটের সময় তাদের নিজেদের সীমানায় কিছু করার জন্য সুযোগ খুঁজছে তখন এই প্রকল্প অননডাগা কাউন্টির বাসিন্দা এবং পর্যটকদের জন্য নতুন বিনোদনমূলক এবং পরিবহন সুযোগ সৃষ্টি করবে। এম্পায়ার স্টেট ট্রেইলে এই বিনিয়োগ এলাকার পর্যটন শিল্পে উন্নয়ন ঘটাবে এবং জীবনের মান উন্নত করবে যেহেতু আমরা মহামারী পরবর্তী ভবিষ্যতের জন্য বিভিন্ন স্থাপনাগুলো আরো ভালোভাবে গড়ে তুলছি।"

এই প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ অংশ ছিল ডিউইট শহরে I-481-এর উপর একটি নতুন বাইসাইকেল এবং পথচারী সেতু নির্মাণ, যা কিন রোডের ঠিক উত্তরে বাটারনাট ড্রাইভ এবং টোপাথ রোডের মধ্যে সংযোগ প্রদান করে। স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (State Department of Transportation) টোপাথ রোডের পুরো অংশ বরাবর একটি নতুন ট্রেইল সেকশন নির্মাণ করে যা ডিউইটের এরি ক্যানালওয়ে ট্রেইলকে ব্রিজ স্ট্রিটের সাথে সংযুক্ত করে। সেলি ড্রাইভ থেকে ওয়াইডওয়াটার্স পার্কওয়ে, টোপাথ রোড একটি একমুখী রাস্তায় রূপান্তরিত হয়েছে, যেখানে দক্ষিণ দিকে নির্মিত ট্রেইল; এবং ওয়াইডওয়াটার্স পার্কওয়ে থেকে কিনে রোড মোড়ের ঠিক উত্তরে, টোপাথ রোড একটি দ্বিমুখী সড়ক থাকবে, যেখানে ট্রেইলটি দক্ষিণ দিকে অবস্থিত।

উন্নয়নগুলো সাউথ ফ্রাঙ্কলিন স্ট্রিট থেকে বীচ স্ট্রিট পর্যন্ত ওয়াটার স্ট্রিট বরাবর সিরাকিউস সিটির বিদ্যমান সাইকেল ট্রেইলে সম্পন্ন করা হয়েছে, যার মধ্যে রয়েছে স্ট্রিপিং, নতুন কার্ব র্যাম্প, ফুটপাথ মেরামত, সাইনবোর্ড এবং বাইসাইকেল প্যাটার্নে সামান্য কিছু পরিবর্তন। এই প্রকল্পটি একটি বিস্তৃত, চলমান প্রচেষ্টার অংশ যা এম্পায়ার স্টেট ট্রেইলের এরি ক্যানালওয়ে বিভাগের বড় ধরনের ব্যবধান দূর করবে, যেটি ক্যামিলাস, সিরাকিউস এবং ডিউইটজুড়ে 14 মাইল বিস্তৃত। ট্রেইলের এরি বুলেভার্ডের পূর্ব অংশ সহ সিরাকিউস এবং ডিউইট অংশের অতিরিক্ত নির্মাণ কাজ চলছে এবং এটি 2020 সালের শেষের দিকে সম্পন্ন হওয়ার কথা।

2020 সালের মধ্যে 750 মাইলের এম্পায়ার স্টেট ট্রেইল তৈরির জন্য গভর্নর কুওমোর 2017 সালের স্টেট অব দ্য স্টেট উদ্যোগগুলির একটি পূরণ করার উদ্দেশ্যেই হলো এই প্রকল্পগুলি একটি বড় পদক্ষেপ। সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে যে 8.6 মিলিয়ন বাসিন্দা এবং পর্যটক বার্ষিকভাবে পুরো 750 মাইল ট্রেইল পরিদর্শন করবেন।

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনের কমিশনার ম্যারি থেরেস ডোমিংয়েজ বলেন, "নিউ ইয়র্ক স্টেট জুড়ে এই ঐতিহাসিক ট্রেইলটি তৈরি করতে গভর্নর কুওমোর দূরদৃষ্টিসম্পন্ন প্রচেষ্টায় ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন এই ধরনের অবদান রাখতে পেরে গর্বিত। এই ট্রেইলটি বাসাইকেল এবং পথচারীদের চলাচলে, মানুষকে তাদের গাড়ি থেকে বের হয়ে হাটতে উৎসাহিত করতে সাহায্য করবে এবং এই সুন্দর ট্রেইলে আউটডোর পর্যটন ও বিনোদনমূলক কার্যক্রম উপভোগ করতে সাহায্য করবে। সেন্ট্রাল নিউ ইয়র্কের ট্রেইলের সাথে নতুন সংযোগ আমাদের এই বছরের শেষে পুরো 750 মাইল ট্রেইল সম্পন্ন করার আরো এক ধাপ এগিয়ে নিয়ে যাবে।"

এম্পায়ার স্টেট ট্রেইলের পরিচালক অ্যান্ডি বিয়ারস বলেন, "এই প্রকল্পের সমাপ্তি নিউ ইয়র্ক স্টেটের কাজের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত করা হয়েছে, যা পূর্ব সিরাকিউস থেকে ডিউইটের সাথে সংযুক্ত বাইসাইকেল আরোহী এবং পথচারীদের জন্য একটি নিরাপদ ট্রেইল প্রদান করবে। নির্মাণাধীন অতিরিক্ত প্রকল্পগুলো যখন ডিসেম্বরে সম্পন্ন হবে তখন ডিউইট থেকে ডাউনটাউন সিরাকিউস হয়ে স্টেট ফেয়ারগ্রাউন্ড এবং ক্যামিলাস পর্যন্ত একটি নিরবচ্ছিন্ন 14 মাইল এম্পায়ার স্টেট ট্রেইল রুট সুবিধা প্রদান করবে।"

সেনেটর র‍্যাচেল মে বলেছেন, "আমি সিটি অব সিরাকিউস এবং টাউন অব ডিউইটের মধ্যে এম্পায়ার স্টেট ট্রেইলের সমাপ্তি উদযাপন করতে পেরে আনন্দিত। একজন সাইক্লিস্ট হিসেবে, আমি নিউ ইয়র্ক স্টেট এবং গভর্নরের প্রশংসা করছি আমাদের ট্রেইল সিস্টেমে তাদের বিনিয়োগের জন্য। এই প্রকল্পটি এখনাকার বাসিন্দা এবং পর্যটকদের একটি নতুন প্রক্রিয়ায় এবং নিবিড়ভাবে আমাদের সিটি, শহর এবং প্রাকৃতিক সৌন্দর্যকে উপভোগ করার সুযোগ দেয়। এই অনুষ্ঠানের স্মরণে CNY-এ আমাদের সাথে যোগ দেওয়ার জন্য আমি লেফটেন্যান্ট গভর্নরকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিওমেন পামেলা জে. হান্টার বলেন, "এম্পায়ার স্টেট ট্রেইলের জন্য স্থানীয় প্রকল্পের সমাপ্তি এর চেয়ে ভালো সময়ে আসতে পারত না। প্রায় সব মানুষই আউটডোর বিনোদনের জন্য কাছাকাছি বিকল্প খুঁজছে, ট্রেইলগুলোর সমাপ্তি ব্যায়াম বা অন্যান্য বিনোদনমূলক এলাকায় যাওয়ার জন্য আরো বেশি সুযোগ প্রদান করে। আমি স্টেটব্যাপী ট্রেইলটি সম্পন্ন করার অপেক্ষায় আছি।"

ডেউইট শহরের সুপারভাইজার এড মিচেলেনকো বলেন, "স্থানীয় পর্যায়ে আমরা আমাদের নিজস্ব টাউন ট্রেইল সিস্টেমের মাধ্যমে ডিউইট এলাকাকে এরি ক্যানালওয়ে ট্রেইল এবং রাইডার পার্কের সাথে সংযুক্ত করতে পেরে আনন্দিত। এই পথচারী সেতুটি পরিবার, চলাচলকারী, দৌড়বিদ এবং সাইক্লিস্টদের জন্য একটি স্বাগতপূণ সুবিধা। বৃহত্তর পর্যায়ে, আমরা দৃঢ়ভাবে গভর্নরের উদ্যোগের পিছনেই আছি এবং এম্পায়ার স্টেট ট্রেইল প্রকল্পের অংশ হতে পেরে গর্বিত, সেই সাথে এলিভেটিং এরি যা সিরাকিউস সিটির মাধ্যমে পশ্চিম শহরতলিকে সংযুক্ত করছে এবং ডিউইটের সাথে যুক্ত হচ্ছে। আমরা ট্রেইল এবং সবুজ স্থানের বড় সমর্থক কারণ আমরা জানি এগুলো জীবনযাত্রার উন্নত মান প্রদান করে এবং আমাদের বাড়ি ও ব্যবসার মূল্য বৃদ্ধি করে।"

2020 সালে এম্পায়ার ট্রেইল সম্পন্ন করতে, প্রায় 350 মাইল নতুন/উন্নত ট্রেইল নির্মিত হচ্ছে। হাডসন গ্রীনওয়ে (Hudson Greenway), নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA)/(Canal Corporation) ক্যানাল কর্পোরেশন, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA), ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT), নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্ক, বিনোদন (New York State Office of Parks, Recreation) এবং স্থানীয় সরকারসহ বেশ কয়েকটি স্টেটীয় প্রতিষ্ঠানের অধীনে এই নির্মাণ প্রকল্পগুলোর কাজ চলছে। ট্রেইলটি অর্থনৈতিক প্রবৃদ্ধিকে চালিত করবে এবং এই রুটের পার্শ্ববর্তী কমিউনিটিগুলোতে পর্যটন শিল্পের উন্নয়ন ঘটাবে। এরি ক্যানালওয়ে (অ্যালবানি থেকে বাফেলো) এবং হাডসন ভ্যালি গ্রীনওয়ে (নিউ ইয়র্ক সিটি থেকে অ্যালবানি) বরাবর এম্পায়ার স্টেট ট্রেইলের 85% অফ-রোড ক্যানালওয়ে এবং ট্রেইল হবে।

সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। 2012 সাল থেকে এই রাজ্য ইতিমধ্যেই 6.3 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে যা বিশ্ব বাজারের সুযোগ কাজে লাগিয়ে উদ্যোক্তাদের শক্তিশালী করে এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি তৈরি করে এই পরিকল্পনার মূল ভিত্তি

স্থাপন করেছে। বর্তমানে, এ অঞ্চল 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো ঘোষিত উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগ সহযোগিতায় সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন